# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৭৩. কি কি কাজের জন্য পূর্বেই ওযু করা উচিত? - [যেসব কাজের জন্য ওযু করা সুন্নাত বা মুস্তাহাব]

প্রথমত: যেসব কাজের পূর্বে ওযূ করা সুন্নাত বা মুস্তাহাব

১. যিকর ও দুআ করা। (বুখারী: ৪৩২৩)।
২. মুখস্থ কুরআন তিলাওয়াত করার ক্ষেত্রে।
৩. তিলাওয়াতে সিজদা ও শোকরানা সিজদার পূর্বে (আবার কোন কোন ফকীহর মতে, এ সময় ওযু করা ফরয)।
৪. ওযূ থাকার পরও পরবর্তী নামায আদায়ে পূর্বে । (আহমাদ- ২/৪০০)
৫. নিদ্রায় যাওয়ার পূর্বে ।
৬. গোসল ফরয হয়ে গেছে এমন ব্যক্তির খাবার গ্রহণ করার পূর্বে ।
৭. একাধিক বার স্ত্রীসহবাস করতে চাইলে পরবর্তী সহবাসের পূর্বে ।
৮. যার উপর গোসল ফরয তার নিদ্রায় যাওয়ার পূর্বে । (বুখারী: ২৮৬, ২৮৭, মুসলিম: ৩০৬)

সৌদি আরবের সাবেক গ্র্যান্ড মুফতি শেখ আবদুল আযীয বিন বায (র) বলেছেন, যার উপর গোসল ফরয এমন ব্যক্তি যদি ঘুমাতে যায় তাহলে তার জন্য ৩টি অবস্থা রয়েছে:

ক. যদি বিনা ওযু বা বিনা গোসলে ঘুমিয়ে পড়ে তাহলে তা হবে মাকরূহ ।
খ. যদি ইস্তিনজা করে শুধু ওযূ করে ঘুমায় তাহলে তা চলে ।
গ. আর যদি এ লোক ওযূ ও ফরয গোসল করে ঘুমায় তাহলে সে যেন তার দায়িত্ব পরিপূর্ণভাবে আদায় করল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12809

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন